

### কর্মচারীদের ক্ষতিপূরণে ফার্মেসীর প্রদেয় সুযোগ সুবিধা সম্পর্কিত বিজ্ঞপ্তি

অনুগ্রহপূর্বক মনযোগ সহকারে এই বিজ্ঞপ্তি পড়ুন। নিউ ইয়র্ক স্টেট বীমা তহবিল থেকে কর্মক্ষেত্রে ক্ষতিগ্রস্ত বা আহত কর্মচারীদের ক্ষতিপূরণ দাবীর আওতায় প্রদেয় ঔষধ সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য ও নির্দেশিকা এতে লিপিবদ্ধ রয়েছে। বীমা তহবিল কর্তৃপক্ষ সিভিএস কেয়ারমার্ক ফার্মেসী ব্যবস্থাপকের সাথে এক চুক্তিতে আবদ্ধ হয়েছে যার মাধ্যমে তালিকাভুক্ত ফার্মেসীর মাধ্যমে **কর্মক্ষেত্রে** আহত বা অসুস্থ হয়ে পরা কর্মচারীগণ প্রয়োজনীয় ঔষধ সরবরাহ প্রাপ্ত হবেন। এই অসুস্থতা বা আঘাত চিকিত্সার জন্য প্রয়োজনীয় ঔষধ পেতে আপনার অধিকার পরিবর্তন করে না। এটি কেবলমাত্র অর্থ যে আপনি **অবশ্যই** সিভিএস কেয়ারমার্ক দ্বারা পরিচালিত কেয়ারকম্প ফার্মেসি নেটওয়ার্কে অংশগ্রহণকারী ফার্মাসি থেকে সেই ঔষধটি অর্জন করতে হবে। সিভিএস

কেয়ারমার্ক মানে শুধু সিভিএস ফার্মেসী নয় বরং এই নেটওয়ার্কে অংশগ্রহণকারী ৬৭০০০ ফার্মেসী। এই সকল ফার্মেসীর তালিকা সিভিএস কেয়ারমার্ক কল সেন্টারে

- যে কোন সময় (866) 493-1640 নম্বরে এবং প্রতিবন্দীগন (866) 200-2161 নম্বরে ফোন করে সংগ্রহ করতে পারবেন।
- কম্পিউটারে ওয়েবসাইট - <https://nysif.wcrxportal.com/Pharmacy/Index> থেকেও তালিকা সংগ্রহ করা যাবে।
- নিউ ইয়র্ক স্টেট বীমা তহবিল ওয়েবসাইট [www.nysif.com](http://www.nysif.com) থেকেও এই তালিকা সংগ্রহ করা যাবে।

যে সকল কর্মচারী কর্মক্ষেত্রে আহত বা অসুস্থতা বশত ক্ষতিপূরণ দাবীর আওতায় ঔষধ নিচ্ছেন তাঁরা এই সকল ফার্মেসী থেকে ঔষধ সংগ্রহ করবেন কেবল যদি

- আপনার দৈব জরুরী অবস্থায় একান্ত প্রয়োজনীয় ঔষধ নেটওয়ার্কের আওতাধীন ফার্মেসী থেকে সংগ্রহ করা আপনার পক্ষে অসম্ভব হয়ে পড়ে অথবা
- নেটওয়ার্কের আওতায় ডাকযোগে ফোনে ঔষধ সরবরাহের ফরমালেশ দেওয়ার বিধান নাই। গ্রাম এলাকায় ১৫ মাইলের মধ্যে বা শহর এলাকায় ৫ মাইলের মধ্যে বসবাস করেন এবং নেটওয়ার্কে তালিকাভুক্ত ফার্মেসী বাসস্থানে ঔষধ সরবরাহ করেনা আপনার অবস্থা যদি তেমন হয় তবে নিম্নলিখিত যে কোন নম্বরে ফোন করুন।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিভিএসকেয়ারমার্ক ডাকযোগে, ইন্টারনেট বা ফোনে সেবা দিয়ে থাকে। সিভিএসকেয়ারমার্ক কল সেন্টারে (866) 493-1640 নম্বরে ফোন করে নিয়ম বা নির্দেশাবলী জেনে নিতে পারেন।

সিভিএসকেয়ারমার্ক নেটওয়ার্কের অধীন সকল ফার্মেসী সর্বদা ঔষধের পর্যাপ্ত স্টক মওজুদ রাখে যাতে যে কোন সময় কালবিলম্ব না করে আপনার চাহিদা মেটাতে সক্ষম হয়।

আপনার নিকটস্থ সকল ফার্মেসী স্থানীয় কমিউনিটির চাহিদা অনুযায়ী দৈনিক নির্দিষ্ট সময় পর্যন্ত খোলা রেখে ব্যবসা পরিচালনা করতে বাধ্য।

কেয়ারমার্ক কেয়ারকম্প ভুক্ত ফার্মেসী সরাসরি নিউ ইয়র্ক স্টেট বীমা তহবিল (NYSIF) কে বিল করবে। **আপনাকে ঔষধের কোন টাকা এজন্য পরিশোধ করতে হবেনা।**

কেয়ারমার্ক কেয়ারকম্প নেটওয়ার্কে তালিকাভুক্ত ফার্মেসী সম্পর্কিত অতিরিক্ত তথ্য ২৪ ঘন্টা টোল ফ্রি (866) 493-1640 নম্বরে ফোন করে সংগ্রহ করতে পারেন।

আপনার কোন প্রশ্ন বা আরও বস্তারিত কিছু জানার থাকলে নিউ ইয়র্ক স্টেট বীমা তহবিল কর্তৃপক্ষ (NYSIF) কে (888) 875-5790 নম্বরে ফোন করে জানতে পারেন। আপনি নিউ ইয়র্ক স্টেট শ্রমিক/কর্মচারী কমপেনসেশন বোর্ড এর সাধারণ তথ্য অথবা (877) 632-4996 বা আহত শ্রমিকের আইন উপদেষ্টা (Advocate for Injured Workers) এর কাছে (800) 580-6665 নম্বরে ফোন করে স্ববিস্তারে জানতে পারেন। [www.wcb.ny.gov](http://www.wcb.ny.gov) থেকে আরও তথ্য সংগ্রহ করতে পারেন।

**বীমা গ্রাহকগন - দয়া করে স্পষ্টভাবে পোস্ট করুন**